পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৭-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd
জনসংযোগ বিভাগ

পসব্য/প্রকা/ব্যব-পরি-দপ্তর/জনসংযোগ-০১/২০২৫-২৬/ ১২০ তারিখঃ২২/০১/২০২৬ খ্রি.

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

### পল্লী সঞ্চয় ব্যাংকের নাম ব্যবহার করে প্রতারণা সংক্রান্ত সতর্কীকরণ

পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী, গ্রাহকবৃন্দ এবং দেশের সর্বস্তরের জনগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি প্রতারক চক্র পল্লী সঞ্চয় ব্যাংকের নাম ও পরিচয় ব্যবহার করে সাধারণ মানুষের কাছ থেকে অবৈধভাবে অর্থ হাতিয়ে নেওয়ার অপচেষ্টা চালাচ্ছে। প্রতারকরা সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পল্লী সঞ্চয় ব্যাংকের নামে ভুয়া (ফেইক) আইডি/পেইজ খুলে **প্রবাসী লোন, ব্যক্তিগত লোন ও ব্যবসায়ী লোন** প্রদান করা হচ্ছে- এমন মিথ্যা ও বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রচার করছে। **এ ধরনের কোনো ঋণ প্রোডাক্ট পল্লী সঞ্চয় ব্যাংকের নেই।**

এমতাবস্থায় সকলকে এ ধরনের ভুয়া (ফেইক) আইডি/পেইজ, ভুয়া বিজ্ঞাপন, বার্তা বা ফোনকল থেকে সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। কোনো অবস্থাতেই অজানা ব্যক্তি বা অননুমোদিত অনলাইন পেইজ/আইডির মাধ্যমে ব্যাংকের নামে আর্থিক লেনদেন, তথ্য প্রদান বা অর্থ পাঠানো থেকে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পল্লী সঞ্চয় ব্যাংকের সকল প্রকার লেনদেন শুধুমাত্র ব্যাংকের নির্ধারিত শাখা অফিস ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের **একটি মাত্র অনুমোদিত অফিসিয়াল ফেসবুক পেইজ** রয়েছে। উক্ত পেইজের লিংক ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে সংযুক্ত আছে। সকলকে শুধুমাত্র ব্যাংকের অনুমোদিত অফিসিয়াল ফেসবুক পেইজে সংযুক্ত থাকার জন্য অনুরোধ জানানো হচ্ছে এবং অন্য কোনো পেইজ বা আইডিকে বিশ্বাস না করার জন্য বিশেষভাবে সতর্ক করা হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতারক চক্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে এবং বিষয়টি কর্তৃপক্ষের নিবিড় পর্যবেক্ষণে রয়েছে।

যেকোনো প্রয়োজনে নিকটস্থ পল্লী সঞ্চয় ব্যাংকের শাখায় সরাসরি যোগাযোগ করুন অথবা ব্যাংকের কল সেন্টারে যোগাযোগ করুন।
**কল সেন্টার নম্বর:** ০৯৬৬৬৭১১৪২২ / ১৬৬৫৪

জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২২/০১/২০২৬
সালমা বানু
ব্যবস্থাপনা পরিচালক

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৭-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd
**জনসংযোগ বিভাগ**


পসব্য/প্রকা/ব্যব-পরি-দপ্তর/জনসংযোগ-০১/২০২৫-২৬/ ৩২৭

তারিখঃ২২/০১/২০২৬ খ্রি.


**সতর্কীকরণ বিজ্ঞপ্তি**

**পল্লী সঞ্চয় ব্যাংকের নাম ব্যবহার করে প্রতারণা সংক্রান্ত সতর্কীকরণ**

**পল্লী সঞ্চয় ব্যাংকের অনুমোদিত একমাত্র অফিসিয়াল ফেসবুক পেজের লিংক ও ছবিঃ**

লিংক: https://www.facebook.com/share/১Jsr২৭vXEy/?mibextid=wwXIfr


ছবি:




**ভুয়া ফেসবুক পেজের লিংক ও ছবিঃ**

লিংক: https://www.facebook.com/share/১AHcj৬bLk৭/?mibextid=wwXIfr

ছবি:










২২.০১.২৬

এস. এম. সাইফুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা